

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২৮, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ১২ শ্রাবণ ১৪১৫ বঙ্গাব্দ/২৭ জুলাই ২০০৮ খ্রিস্টাব্দ

নং ৩৮(মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৭ শ্রাবণ, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ২২ জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

২০০৮ সনের ৩৮ নং অধ্যাদেশ

**Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985** এর  
সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (Ordinance No. V of 1985) এর সংশোধন দরমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু, সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ Public Servants (Dismissal on Conviction) (Amendment) Ordinance, 2008 নামে অভিহিত হইবে।

(২) এই অধ্যাদেশ ০১ জুন ২০০৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। Ordinance No. V of 1985 এর SCHEDULE এর সংশোধন।—  
Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (Ordinance No. V of 1985) এর SCHEDULE এ উল্লিখিত "six months" শব্দগুলির পরিবর্তে "one year" শব্দগুলি এবং "one thousand taka" শব্দগুলির পরিবর্তে "ten thousand taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

তারিখ : ৭-৮-১৪১৫ বঙ্গাব্দ  
২২-৭-২০০৮ খ্রিস্টাব্দ।

কাজী হাবিবুল আউয়াল  
সচিব।